

জাতীয়

ঢাকায় অফিস খোলার বিষয়ে আগ্রহী মেটা: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬, ০৭:২৪ PM



বাংলাদেশে কার্যক্রম আরও বিস্তৃত করার অংশ হিসেবে ঢাকায় অফিস খোলার বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে মার্কিন প্রযুক্তি প্রতিষ্ঠান মেটা। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়দ ইসলাম এ তথ্য জানিয়েছেন।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) স্থানীয় সময় নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

শামা ওবায়দ বলেন, মেটার সঙ্গে বাংলাদেশের পক্ষ থেকে একটি ফলপ্রসূ বৈঠক হয়েছে। ওই বৈঠকে ঢাকায় অফিস খোলার বিষয়টি নিয়ে আলোচনা হয়। তিনি জানান, এ বিষয়ে মেটা খুবই আগ্রহী।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, ঢাকায় মেটার কার্যক্রমের একটি ফোকাল পয়েন্ট স্থাপনের বিষয়েও আলোচনা হয়েছে। বাংলাদেশে ফেসবুক ব্যবহারকারীর সংখ্যা ভারতের তুলনায় বেশি বলেও তিনি উল্লেখ করেন।

এ ছাড়া বাংলাদেশের সাইবার সিকিউরিটি অ্যাক্ট (সিএসএ) নিয়েও মেটার সঙ্গে আলোচনা হয়েছে বলে জানান শামা ওবায়েদ।

তিনি বলেন, ই-কমার্স এবং অনলাইন ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণেও মেটা বাংলাদেশকে সহযোগিতা করবে।

শামা ওবায়েদ জানান, বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমানের উপস্থিতি থাকার কথা থাকলেও সময়ের কারণে তিনি থাকতে পারেননি।

প্রধানমন্ত্রী তারেক রহমানের জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণসহ নিউইয়র্ক সফরের প্রথম দিনের বিভিন্ন কার্যক্রম নিয়ে ওই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকার...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪
সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেফটি ফাউন্ডেশনের মাস...



বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনানগরীতে তাইবাহ বিদ্রোহকেন্দ্রে হুথিদের ড্রোন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার। রোববার (৪ অক্টোবর) এক বিবৃতিতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/dhakay-ofis-kholar-bishye-agrhi-meta-prrasht-prtimntri>